গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২৩০/২০১৮-২০১৯
ঢাকা, ১ জুন শনিবার ২০১৯, ১৮ জ্যৈষ্ঠ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বাংলাদেশের রাষ্ট্রপতির সাথে ভারতের প্রধানমন্ত্রীর সাক্ষাৎ
তিস্তার পানির বিষয়টি মীমাংসার অপেক্ষায় বাংলাদেশ : মোঃ আবদুল হামিদ
রোহিঙ্গা সংকট নিরসনে ভারতের সহযোগিতা অব্যাহত থাকবে : নরেন্দ্র মোদি
২। নরেন্দ্র মোদির শপথ অনুষ্ঠানে যোগদান শেষে রাষ্ট্রপতি দেশে ফিরেছেন
৩। ওআইসি সম্মেলনে যোগ দিতে সৌদি আরবে প্রধানমন্ত্রী
বিমানবন্দরে শেখ হাসিনাকে লালগালিচা সংবর্ধনা
৪। আজ পবিত্র লাইলাতুল কদর : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী
৫। এবারের ঈদযাত্রা স্বস্তিদায়ক হবে : সেতুমন্ত্রী
৬। সুশাসন আছে বিধায় এগিয়ে যাচ্ছে দেশ : তথ্যমন্ত্রী
৭। মরিশাসে বিমান প্রতিমন্ত্রী

১। **বাংলাদেশের রাষ্ট্রপতির সাথে ভারতের প্রধানমন্ত্রীর সাক্ষাৎ**

**তিস্তার পানির বিষয়টি মীমাংসার অপেক্ষায় বাংলাদেশ : মোঃ আবদুল হামিদ**

**রোহিঙ্গা সংকট নিরসনে ভারতের সহযোগিতা অব্যাহত থাকবে : নরেন্দ্র মোদি**

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আশ্বস্ত করে বলেছেন, বাংলাদেশের রোহিঙ্গা সমস্যা নিরসনে দিল্লির সহযোগিতা অব্যাহত থাকবে। গতকাল (৩১ মে শুক্রবার) বাংলাদেশের রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে হায়দ্রাবাদ হাউসে ভারতের প্রধানমন্ত্রীর সাক্ষাৎকালে ভারতের প্রধানমন্ত্রী এ কথা বলেন। বাংলাদেশের রাষ্ট্রপতির সঙ্গে বৈঠকে ভারতের প্রধানমন্ত্রী বলেন, জরুরিভিত্তিতে রোহিঙ্গা সমস্যা সমাধান হওয়া উচিত। কাজেই বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে আমরা এ বিষয়টি নিয়ে আলোচনা করব। ভারতের প্রধানমন্ত্রী যৌথভাবে বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের ওপর গুরুত্বারোপ করেন।

বৈঠকে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ নরেন্দ্র মোদিকে বলেন, বাংলাদেশের জনগণ তিস্তার পানি বন্টনের বিষয়টি মীমাংসা করার জন্য দীর্ঘদিন ধরে অপেক্ষায় আছে।

ভারতও অমীমাংসিত বিষয়টির সমাধান চায় উল্লেখ করে নরেন্দ্র মোদি যৌথ নদী কমিশনের কার্যকারিতার ওপর গুরুত্বারোপ করেন। ভারতের প্রধানমন্ত্রী আরো উল্লেখ করেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশ ও ভারতের মধ্যে অংশীদারিত্ব বিকশিত হয়েছে।

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দু'দেশের মধ্যে বিদ্যমান চমৎকার দ্বিপক্ষীয় সম্পর্কে সন্তোষ প্রকাশ করে বলেন, এ সম্পর্ক জোরদার ও সমৃদ্ধ হয়েছে বিশেষকরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির রাষ্ট্রনায়কোচিত নেতৃত্বের কারণে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬)।

২। **নরেন্দ্র মোদির শপথ অনুষ্ঠানে যোগদান শেষে রাষ্ট্রপতি দেশে ফিরেছেন**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শপথগ্রহণ অনুষ্ঠানে যোগদানের লক্ষে নয়াদিল্লিতে তিন দিনের সফর শেষে গতকাল (৩১ মে শুক্রবার) বিকেলে দেশে ফিরেছেন। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট রাষ্ট্রপতি ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে গতকাল হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭)।

৩। **ওআইসি সম্মেলনে যোগ দিতে সৌদি আরবে প্রধানমন্ত্রী**

**বিমানবন্দরে শেখ হাসিনাকে লালগালিচা সংবর্ধনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইসলামী সহযোগিতা সংস্থার (ওআইসি) ১৪তম সম্মেলনে যোগ দিতে চারদিনের সরকারি সফরে গতকাল (৩১ মে শুক্রবার) বিকেলে সৌদি আরবে পৌঁছলে বিমানবন্দরে তাঁকে লাল গালিচা সংবর্ধনা প্রদান করা হয়। প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বাংলাদেশ বিমানের একটি বিশেষ ফ্লাইট স্থানীয় সময় শুক্রবার বিকেল ৫টা ২৫মিনিটে বাদশাহ আব্দুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। মক্কা অঞ্চলের ডেপুটি গভর্নর প্রিন্স বদর বিন সুলতান বিন আবদুল আজিজ বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জনান। সৌদি আরবে বাংলাদেশের রাষ্ট্রদূত ও ওআইসিতে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি গোলাম মসিহ এবং জেদ্দায় বাংলাদেশের কনসাল জেনারেল এফ এম বোরহান উদ্দিন এ সময় উপস্থিত ছিলেন। বিমানবন্দরে পৌঁছার পর প্রধানমন্ত্রীকে সৌদি সশস্ত্রবাহিনীর একটি চৌকস দল গার্ড অভ্ অনার প্রদান করে।

বিমানবন্দর থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওআইসি সম্মেলনে যোগ দিতে মক্কা যান। গতকাল সন্ধ্যায় মক্কার সাফা প্রাসাদে ওআইসি'র শীর্ষ সম্মেলনের উদ্বোধন করা হয়। পবিত্র মক্কা নগরীতে ৩১ মে ও ১ জুন ওআইসি'র ১৪তম অধিবেশন অনুষ্ঠিত হচ্ছে।

আগামী ৩ জুন প্রধানমন্ত্রী  ফিনল্যান্ডের হেলসিঙ্কির উদ্দেশে সৌদি আরবের স্থানীয় সময় রাত ১টা ১০ মিনিটে জেদ্দা ত্যাগ করবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.ক,৬)।

**৪।** **আজ পবিত্র লাইলাতুল কদর : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

আজ ১ জুন শনিবার দিবাগত রাতে পবিত্র লাইলাতুল কদর বা শবে কদর পালিত হবে। ইসলাম ধর্মাবলম্বীদের কাছে লাইলাইতুল কদর মহিমান্বিত রাত। এ রাতে পবিত্র কোরআন নাজিল হয়। পবিত্র শবে কদর উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১)।

**৫।** **এবারের ঈদযাত্রা স্বস্তিদায়ক হবে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, এবারের ঈদযাত্রা অন্যান্য যেকোনো বছরের চেয়ে আরামদায়ক ও স্বস্তির হবে। এ বছর ঈদে সড়ক কিংবা মহাসড়কে কোথাও যানজট হওয়ার আশঙ্কা নেই। রাস্তায় সমস্যা নেই, সমস্যা শুধু যানবাহনের শৃঙ্খলায়। যানবাহনে শৃঙ্খলা এলে এবার ঢাকাসহ সারাদেশে কোথাও রাস্তায় যানজট হবে না। গতকাল (৩১ মে শুক্রবার) রাজধানীর গাবতলী বাস টার্মিনালে ঈদে ঘরমুখো যাত্রীদের কাছ থেকে অতিরিক্ত ভাড়া আদায়ের বিরুদ্ধে পরিচালিত মোবাইলকোর্টের কার্যক্রম পরিদর্শন শেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫)।

৬। **সুশাসন আছে বিধায় এগিয়ে যাচ্ছে দেশ : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, সুশাসন আছে বিধায় এগিয়ে যাচ্ছে দেশ। আজকে বাংলাদেশ স্বল্প আয়ের দেশ থেকে মধ্যম আয়ের দেশে উন্নীত হয়েছে। খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়েছে। দেশে সুশাসন আছে বিধায় এটা সম্ভব হয়েছে। গতকাল (৩১ মে শুক্রবার) জাতীয় প্রেসক্লাবের জহুর হোসেন চৌধুরী হলে 'বিশ্ব তামাকমুক্ত দিবস ২০১৯' উপলক্ষে আালোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১)।

৭। **মরিশাসে বিমান প্রতিমন্ত্রী**

বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী মাহবুব আলী বলেছেন, বাংলাদেশ তাঁর শিকড়ের গভীরে প্রোথিত সংস্কৃতি ও ঐতিহ্য নিয়ে গর্বিত। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার ঐতিহ্যের প্রতি শ্রদ্ধা, আধুনিকতার প্রতি আগ্রহ এবং প্রজ্ঞায় বিশ্বাস করে। এ তিনটি বিষয় আামাদের সংস্কৃতির গভীরে প্রোথিত এবং এগুলোর সমন্বয়ের মাধ্যমেই শান্তি ও সমৃদ্ধি আনয়ন সম্ভব। এ বিশ্বাসের ফলে আপামর জনসাধারণ ধর্ম ও সংস্কৃতির পার্থক্য ভুলে শান্তিপূর্ণভাবে ঐক্যবদ্ধ জাতি হিসেবে একত্রে বসবাস করে আসছে। গতকাল (৩১ মে শুক্রবার) মরিশাসের রাজধানী পোর্ট লুইসে বাংলাদেশ দূতাবাস আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১)।